# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**21 JANUARY 2025                    7:45—7:55 PM IST**

==========================================================

(১) দক্ষিণ কোরিয়া সফরের শেষদিনে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার শিল্পক্ষেত্রে সহযোগিতার বিষয়ে সেদেশের একজন মন্ত্রী ও শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা/

(২) চলতি বছরের দ্বিতীয় পর্যায়ের গুণোৎসবের দ্বিতীয় দিনে রাজ্যের শিক্ষামন্ত্রীর বর্হিমূল্যায়ক হিসেবে অংশগ্রহণ/ হাইলাকান্দিতে জেলা আয়ুক্তের গুণোৎসবে বর্হিমূল্যায়কের দায়িত্ব পালন/

(৩) আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের উচ্চ মাধ্যমিক প্রথম বর্ষের পরীক্ষার সময়সূচী প্রকাশ/

৪) বরাক উপত্যকার বিভিন্ন উন্নয়নমূলক বিষয় নিয়ে আলোচনার উদ্দেশ্যে রাজ্যের অর্থমন্ত্রী অজন্ত নেওগ দুদিনের সফরে আজ হাইলাকান্দিতে।

এবং

(৫) বাংলা সাহিত্য সভা, আসামের তিনদিনব্যাপী দ্বিতীয় পূর্ণাঙ্গ প্রতিনিধি সম্মেলন আজ শিলচরে আরম্ভ/

-----------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ দক্ষিণ কোরিয়ার রাজধানী সিওলে সেদেশের একজন মন্ত্রী সহ বেশকয়েকটি শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সঙ্গে মত বিনিময় করেন । আগামী ২৫ এবং ২৬শে ফেব্রুয়ারি গুয়াহাটিতে অনুষ্ঠেয় 'এডভান্টেজ আসাম'এর দ্বিতীয় সংস্করণে বিদেশী বিনিয়োগকারীদের আকর্ষিত করার উদ্দেশ্যে দক্ষিণ কোরিয়া এবং জাপান সফরে যাওয়া মুখ্যমন্ত্রী আজ দক্ষিণ কোরিয়ার এস এম ই এবং স্টার্ট-আপ মন্ত্রী অ'হ ইয়োংজু'র সঙ্গে সাক্ষাৎ করে আসাম ও দক্ষিণ কোরিয়ার শিল্প ও স্টার্ট-আপসমূহের মধ্যে সহযোগিতা রক্ষা সম্পর্কে আলোচনা করেন । তিনি সেদেশের নবীকরণযোগ্য এবং স্বচ্ছ শক্তির অন্যতম বৃহৎ প্রতিষ্ঠান- জি এস গ্রুপের উপাধ্যক্ষ ইয়োং হা রু'র সঙ্গে আলোচনায় মিলিত হয়েছেন । ডঃ শর্মা ২০৩০ সালের মধ্যে রাজ্যে তিন হাজার মেগাওয়াট স্বচ্ছ শক্তি উৎপাদনের লক্ষ্যের বিষয়ে জানিয়ে এইক্ষেত্রে প্রতিষ্ঠানটির সহযোগিতা চেয়েছেন । মুখ্যমন্ত্রী একইসঙ্গে সেমি কন্ডাক্টর এবং এল ই ডি প্রযুক্তির ক্ষেত্রে উল্লেখযোগ্য কাজ করে যাওয়া সিওল ভায়োসিস'এর মুখ্য কার্যবাহী আধিকারিক লি ইয়োং জু'র সঙ্গে সাক্ষাৎ করে 'এডভান্টেজ আসাম'এর কার্যসূচীতে অংশগ্রহণ করার আমন্ত্রণ জানিয়েছেন । ডঃ শর্মা বলেন যে- আসামে সেমি কন্ডাক্টর পরিবেশতন্ত্র গড়ে তোলার জন্য এই শিল্পের অংশীদারদের স্যাটেলাইট সিটি নির্মাণ থেকে আরম্ভ করে সবধরণের সাহায্য সহায়তা প্রদান করতে সরকার বদ্ধপরিকর । মুখ্যমন্ত্রী এর আগে বিশ্বের অন্যতম বৃহৎ সেমি কন্ডাক্টর গোষ্ঠী এস কে হাইনিক্স'এর উপাধ্যক্ষের সঙ্গে সাক্ষাৎ করে আসামকে আর্ন্তজাতিক সেমি কন্ডাক্টর কেন্দ্র হিসেব গড়ে তোলার পরিকল্পনা সম্পর্কে আলোচনা করেন ।

-----------------------------------------------------------------------------------

চলতি বছরের দ্বিতীয় পর্যায়ের গুণোৎসবের বর্হিমূল্যায়নের আজ দ্বিতীয় দিনে বিভিন্ন কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে । গতকাল রাজ্যের ১৩ টি জেলার ৫ হাজার ৩৭১টি বিদ্যালয়ের ৫লক্ষ ১২ হাজারেরও বেশি শিক্ষার্থীর মূল্যায়ন করা হয়েছে । এদিকে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু আজ গুয়াহাটির কাহিলী পাড়ার ফাগুনা রাভা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও লক্ষ্মীনাথ বেজবড়ুয়া মধ্য ইংরেজী বিদ্যালয়ে গুণোৎসব কার্যসূচীতে অংশগ্রহণ করেন ।

এদিকে এই পর্যায়ে হাইলাকান্দি জেলায় দ্বিতীয় দিনে ৪৩৭ টি বিদ্যালয়ে বর্হিমূল্যায়ন প্রক্রিয়া অনুষ্ঠিত হয়েছে । মোট ৩৫ হাজার ২৯৬ জন ছাত্রছাত্রীর আজ বর্হিমূল্যায়ন করা হয়েছে । হাইলাকান্দির জেলা আয়ুক্ত নিসার্গ হিভারে গৌতম আজ গুণোৎসবের কার্যসূচীতে অংশগ্রহণ করেছেন । তিনি হাইলাকান্দির ৫১৭ নম্বর শ্যামাচরণ জ্ঞানদা

সুন্দরী পাঠশালায় বর্হিমূল্যায়ক হিসেবে দায়িত্ব পালন করেন । তিনি ছাত্রছাত্রীদের পড়াশোনার মূল্যায়নের পাশাপাশি তাদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি বিদ্যালয়টির পরিকাঠামো এবং অন্যান্য সুযোগ সুবিধার খোঁজখবর নেন । জেলা আয়ুক্ত শ্রী গৌতম বলেন যে- শহরের পাশাপাশি গ্রামাঞ্চলের বিদ্যালয়গুলির মান উন্নত করার উপর সরকার গুরুত্ব আরোপ করেছে । উল্লেখ্য- হাইলাকান্দি জেলার গুণোৎসবে ছাত্রছাত্রীদের অংশগ্রহণ উৎসাহব্যাঞ্জক বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

কর্তব্যরত অবস্থায় মৃত্যু হোয়া ১১ জন ঠিকাভিত্তিক শিক্ষকের নিকটাত্মীয়কে আজ শিক্ষামন্ত্রী ড: রণোজ পেগু ক্ষতিপূরণ চেক প্রদান করেন ।গৌহাটীর সমগ্র শিক্ষা কার্যালয়ে শিক্ষামন্ত্রী ঠিকাভিত্তিক শিক্ষকের পরিবারকে ৫ লক্ষ টাকার এককালীন আর্থিক সাহায্য প্রদান করেন ।

---------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ উচ্চমাধ্যমিক প্রথম বর্ষের পরীক্ষার অনলাইন ফর্ম পূরণের জন্য আগামীকাল থেকে আগামী ৩০শে জানুয়ারি পর্যন্ত সংশ্লিষ্ট পোর্টাল পুনরায় খুলবে । পর্ষদের পক্ষ থেকে আজ এক বিজ্ঞপ্তি যোগে রাজ্যের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের অনলাইন ফর্ম পূরণের প্রক্রিয়া আগামী ৩০শে জানুয়ারির মধ্যে সম্পূর্ণ করার নির্দেশ দিয়েছেন । পরবর্তী সময়ে এই সময়সীমা আর বাড়ানো হবেনা বলেও পর্ষদের পক্ষ থেকে স্পষ্ট করে দেওয়া হয়েছে ।

এদিকে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ আজ উচ্চমাধ্যমিক প্রথম বর্ষের পরীক্ষার সময়সূচী প্রকাশ করেছে । সেই অনুসারে আগামী ছয়ই মার্চ থেকে এই পরীক্ষা আরম্ভ হবে এবং আগামী ২৯শে মার্চ শেষ হবে । সকাল ন'টা থেকে বেলা বারোটা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে । এবং বিকেলে ৩০ এবং ৫০ নম্বরের প্রশ্নপত্রের জন্য বেলা দেড়টা থেকে বিকেল সাড়ে তিনটা পর্যন্ত সময় ধার্য করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

মেঘালয় , ত্রিপুরা ও মণিপুরের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ রাষ্ট্রপতি , উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী এই রাজ্যগুলির জনসাধারণকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।

এক বার্তায় রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু বলেছেন যে এই রাজ্যগুলির উদ্যমী জনসাধারণ দেশের উন্নয়নের প্রতি উল্লেখযোগ্য অবদান রেখে আসছেন ।রাষ্ট্রপতি তিনটি রাজ্যের জনসাধারণের শান্তিপূর্ন ও সমৃদ্ধশালী ভবিষ্যত কামনা করা সহ সাংস্কৃতিক বৈচিত্র , প্রাণবন্ত পরম্পরা ও জৈব বৈচিত্রের মাধ্যমে রাজ্যগুলির উন্নয়নের ধারা অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করেন ।

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় এ উপলক্ষে এক বার্তায় বলেছেন যে এই রাজ্যগুলি বৈচিত্রের মাধ্যমে ঐক্যের ধারণাকে প্রতিফলিত করা সহ দেশের বৈচিত্রপূর্ন সাংস্কৃতিক ঐতিহ্যের নিদর্শন তুলে ধরে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যগুলির প্রতিষ্ঠা দিবস উপলক্ষে শুভেচ্ছা জ্ঞাপন করে এক বার্তায় বলেন যে মণিপুরের জনসাধারণের ভারতের বিকাশের জন্য অবদান রাখা নিয়ে দেশবাসী গর্ব অনুভব করে । তিনি মেঘালয়ের প্রাকৃতিক সৌন্দর্য ও এর জনসাধারণের উদ্যমী মনোভাবের ভূয়সী প্রশংসা করা সহ ত্রিপুরা দেশের প্রগতিতে উল্লেখযোগ্য অবদান রেখে আসছে বলে মন্তব্য করেন ।

------------------------------------------------------------------------------------------------

জম্মু ও কাশ্মীরের রাজভবনে আয়োজিত এক অনুষ্ঠানে আজ মেঘালয় , মণিপুর ও ত্রিপুরার প্রতিষ্ঠা দিবস উদযাপন করা হয়েছে । রাজ্যগুলির ছাত্র , নিরাপত্তা রক্ষী ও জম্মু কাশমীরে বসবাসরত রাজ্যগুলির জনসাধারণ এ ক ভারত শ্রেষ্ঠ ভারত শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ গ্রহণ করে দিনটি উদযাপন করে ।

লেফটেনেন্ট জেনারেল রাজ্যপাল মনোজ সিনহা দেশ গঠনে অবদান রাখা রাজ্যগুলির বিশিষ্ট ব্যাক্তিদের স্মরণ করেন ।

------------------------------------------------------------------------------------------------

রাজ্যের অর্থ , মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অজন্তা নেওগ বরাক উপত্যকা সফরে এসে আজ তিনি হাইলাকান্দিতে গেছেন । শ্রীমতী নেওগ আজ জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে জেলার বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারিকদের সংগে এক গুরুত্বপূর্ন পর্যালোচনা সভায় মিলিত হয়েছেন । সভায় জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম , হাইলাকান্দির বিধায়ক জাকির হোসেন লস্কর সহ জেলার শিশু উন্নয়ন বিভাগের আধিকারিকরা উপস্থিত ছিলেন । বৈঠকে মন্ত্রী মহিলা ও শিশুদের অধিকার ও নিরাপত্তা রক্ষায় গৃহীত বিভিন্ন প্রকল্পের অগ্রগতির পর্যালোচনা করেন । শ্রীমতী নেওগ জেলায় রুপায়ন করা অরুণোদয় প্রকল্পের অগ্রগতি ও খতিয়ে দেখেন । শ্রীমতী নেওগ বলেন ---- বাইট-----

------------------------------------------------------------------------------------------------

মন্ত্রী শ্রীমতি অজন্তা নেওগ আগামীকাল শ্রীভূমি জেলা সফর করবেন । মন্ত্রী শ্রীমতি নেওগ আগামীকাল সকাল ১১টায় জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে বিভাগীয় আধিকারীকদের সঙ্গে পর্য্যালোচনা বৈঠকে মিলিত হবেন । বৈঠকের পর মন্ত্রী শ্রীমতি নেওগ শিলচর ফিরে আসবেন ।

------------------------------------------------------------------------------------------------

বাংলা সাহিত্য সভা, আসামের তিনদিনব্যাপী দ্বিতীয় পূর্ণাঙ্গ প্রতিনিধি সম্মেলন আজ শিলচরে শুরু হয়েছে । শিলচরের গান্ধীবাগের শহিদ স্মৃতিসৌধে শ্রদ্ধার্ঘ অর্পণের মাধ্যমে এই সম্মেলনের সূচনা করা হয়েছে । শিলচর গান্ধীভবনে আয়োজিত এই অনুষ্ঠানে সাহিত্য সভার রাজ্য সভাপতি খগেন চন্দ্র দাস এবং দৈনিক যুগশঙ্খ পত্রিকার সম্পাদক বিজয়কৃষ্ণ নাথ পতাকা উত্তোলন করে সম্মেলনের সূচনা করেন । এরপর শান্তি ও সমন্বয়ের বার্তা ছড়িয়ে দিতে সম্মেলনের অতিথিরা পায়রা উড়িয়ে দেন । এরপর ভক্তি আন্দোলনের দুই মহাপুরুষ শ্রীচৈতন্য দেব এবং শ্রীমন্ত শঙ্করদেবের প্রতিকৃতিতে মাল্যদান করা হয় । আজকের অনুষ্ঠানে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ও বিশিষ্ট শিক্ষাবিদ কবীন্দ্র পুরকায়স্থকে ‘অসম বান্ধব’ উপাধি প্রদান করা হয় । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যের পূর্ত, মৎস্য, পশুপালন ইত্যাদি বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল বলেন যে- বাংলা সাহিত্য সভা, আসামের এই উদ্যোগ রাজ্যের বিভিন্ন ভাষাভাষী লোকেদের সমন্বয়ের লক্ষ্যে এক যুগান্তকারী পদক্ষেপ । অনুষ্ঠানে ভাষিক সংখ্যালঘু উন্নয়ন দপ্তরের অধ্যক্ষ শিলাদিত্য দেব বাঙালি জাতিসত্তা রক্ষার উদ্দেশ্যে অধিক যত্নবান হওয়ার পরামর্শ দেন । তিনি একইসঙ্গে রাজ্যের বিভিন্ন ভাষাভাষী সম্প্রদায়ের মধ্যে সুসম্পর্কের পক্ষে মত প্রকাশ করেন । অনুষ্ঠানে উপস্থিত শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী সমন্বয় ও উন্নয়নের পথে সরকারের সদিচ্ছার কথা ব্যক্ত করে সভার যাবতীয় কর্মকান্ডে সহায়তার প্রতিশ্রুতি প্রদান করেন । এদিকে আসাম সাহিত্য সভার পক্ষ থেকে অনুষ্ঠানে উপস্থিত সংস্থার প্রধান সম্পাদক দেবজিৎ বরা ও প্রাক্তন প্রধান সম্পাদক যাদব চন্দ্র শর্মা রাজ্যের সার্বিক উন্নয়নের লক্ষ্যে একযোগে কাজ করে যাওয়ার উপর গুরুত্ব আরোপ করেন ।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে বরাক ও ব্রহ্মপুত্র উপত্যকা থেকে আগত সংগঠনটির বিভিন্ন শাখার প্রতিনিধিদের নিয়ে এক সভা অনুষ্ঠিত হয় । এছাড়া অন্যান্য কার্যসূচীর মধ্যে ছিল কবি সম্মেলন, বই প্রকাশ, ও শিক্ষাসত্র । এছাড়া বরাক উপত্যকার বিশিষ্ট লিটল ম্যাগাজিন হাইলাকান্দি ‘সাহিত্য‘র সম্পাদক শিখা ভট্টাচার্যকে সংবর্ধনা দেওয়া হয় ।

---

হাইলাকান্দি জেলা বিজেপি বরাক উপত্যকা সহ ত্রিপুরা ও পাশ্ববর্তী অন্যান্য অঞ্চলের তীর্থযাত্রীদের প্রয়াগরাজে মহাকুম্ভের উদ্দশ্যে যাত্রা করার জন্য বিশেষ ট্রেনের ব্যবস্থা করার আবেদন জানিয়েছে । জেলা বিজেপির সভাপতি কল্যাণ গোস্বামী আজ এক পত্র প্রেরণ করে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মাকে বদরপুর ও শিলচর থেকে মহাকুম্ভে যাত্রা করার জন্য বিশেষ ট্রেনের ব্যবস্থা করার আহ্বান জানিয়েছেন ।পত্রে উল্লেখ করা হয়েছে যে এ অঞ্চলের ইচ্ছুক তীর্থযাত্রীরা মহাকুম্ভে যাওয়ার জন্য ট্রেণের টিকিটের অভাব ও

প্রয়োজনীয় ট্রেণের সংখ্যা কম থাকায় যাত্রা করতে পারছেননা । তাই বিশেষ ট্রেনের ব্যবস্থা করলে তীর্থযাত্রীরা মহাকুম্ভের উদ্দশ্যে যাত্রা করতে পারবেন বলে পত্রে উল্লেখ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং বদরপুরঘাটের সাংস্কৃতিক মঞ্চের সহযোগীতায় আগামী ২৭শে জানুয়ারী বদরপুরের রেলওয়ে ইনষ্টিটুউটে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

--------------------------------------------------------------------------------